



খুলনা শিপইয়ার্ড লিমিটেড

বাংলাদেশ নেভী মটর ট্রান্সপোর্ট ওয়ার্কশপ, চট্টগ্রাম

খুলনা/বিনিয়োগ-৩১৪/

নভেম্বর ২০১৯

নিয়োগ বিজ্ঞপ্তি

১। খুলনা শিপইয়ার্ড লিমিটেড কর্তৃক পরিচালিত বাংলাদেশ নেভী মটর ট্রান্সপোর্ট ওয়ার্কশপ, চট্টগ্রাম এর জন্য চুক্তিভিত্তিক নিম্নবর্ণিত পদে জনবল নিয়োগের লক্ষ্যে উপযুক্ত প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। বিস্তারিত বিবরণ নিম্নে প্রদত্ত হলোঃ

ক্রমিক	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	পরীক্ষার স্থান	মন্তব্য
১।	উপ-সহকারী প্রকৌশলী	০১ জন	১। বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃত পলিটেকনিক ইন্সটিটিউট হতে 'ডিপ্লোমা ইন পাওয়ার/ অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং' (০৪ বছরের ডিপ্লোমা) পাশসহ ন্যূনতম ৪-৬ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ২। স্বনামধন্য অটোমোবাইল ওয়ার্কশপে যানবাহন মেরামত এবং মাইক্রোসফট অফিস এর কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। ৩। ফ্লোর ইনচার্জ/ বিল প্রস্তুতের কাজে অভিজ্ঞতা থাকতে হবে।	বাংলাদেশ নেভী মটর ট্রান্সপোর্ট ওয়ার্কশপ, বানোজা ঈশা খান, নিউমুরিং, চট্টগ্রাম।	আলোচনা সাপেক্ষে
২।	ষ্টোর কিপার কাম কম্পিউটার অপারেটর	০১ জন	১। এইচএসসি অথবা সমমান। ২। অটোমোবাইল ট্রেড কোর্স সম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার দেয়া হবে। ৩। বাংলা এবং ইংরেজীতে কম্পিউটার টাইপিং এ পারদর্শী হতে হবে। ৪। ষ্টোর কিপার হিসেবে ৩-৫ বছর কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।		
৩।	টেকনিশিয়ান (ভারী যানবাহন)	০১ জন	১। সংশ্লিষ্ট ট্রেডে অষ্টম শ্রেণি/ ভোকেশনাল/ সমমান পাশ। ২। কমার্শিয়াল যানবাহনসমূহের (বাস/ট্রাক) কাজে ১০-১৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।		
৪।	সহঃ টেকনিশিয়ান (মেকানিক্যাল)	০২ জন	১। সংশ্লিষ্ট ট্রেডে অষ্টম শ্রেণি/ ভোকেশনাল/ সমমান পাশ। ২। সংশ্লিষ্ট কাজে ২-৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।		
৫।	সহঃ পেইন্টার	০২ জন	১। সংশ্লিষ্ট ট্রেডে অষ্টম শ্রেণি/ ভোকেশনাল/ সমমান পাশ। ২। সংশ্লিষ্ট কাজে ০৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।		
৬।	সহঃ ডেন্টিং টেকনিশিয়ান (ভারী ও হালকা)	০২ জন	১। সংশ্লিষ্ট ট্রেডে অষ্টম শ্রেণি/ ভোকেশনাল/ সমমান পাশ। ২। সংশ্লিষ্ট কাজে ০৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।		
৭।	সহঃ অটো ইলেকট্রিশিয়ান (হেভী)	০১ জন	১। সংশ্লিষ্ট ট্রেডে অষ্টম শ্রেণি/ ভোকেশনাল/ সমমান পাশ। ২। এসি মেরামত কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ৩। কমার্শিয়াল যানবাহনসমূহের (বাস/ট্রাক) কাজে ৩-৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।		
৮।	সহঃ অটো ইলেকট্রিশিয়ান (হালকা যান)	০১ জন	১। সংশ্লিষ্ট ট্রেডে অষ্টম শ্রেণি/ ভোকেশনাল/ সমমান পাশ। ২। এসি মেরামত কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ৩। কার/ জীপ ইত্যাদি যানবাহনসমূহে ৩-৫ বছর বাস্তব কাজের অভিজ্ঞতা থাকতে হবে।		
৯।	ভক্সনাইজার	০১ জন	১। সংশ্লিষ্ট ট্রেডে অষ্টম শ্রেণি/ ভোকেশনাল/ সমমান পাশ। ২। সকল প্রকার যানবাহনের ভক্সনাইজিং (টায়ার ও টিউব মেরামত) কাজে ৩-৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।		
১০।	নিরাপত্তাপ্রহরী	০১ জন	১। এসএসসি/ সমমান পাশ। ২। সংশ্লিষ্ট কাজে ৩-৫ বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।		
১১।	ক্রিনার/সুইপার	০১ জন	১। অষ্টম শ্রেণি অথবা সমমান পাশ।		

২। শর্তাবলী :

ক। আগ্রহী প্রার্থীগণকে খুলনা কর্তৃক নির্ধারিত আবেদন ফরমে স্পষ্টাক্ষরে স্বহস্তে পূরণপূর্বক ব্যবস্থাপনা পরিচালক, খুলনা শিপইয়ার্ড লিমিটেড, বাংলাদেশ নৌ বাহিনী, খুলনা বরাবর আবেদন করতে হবে। আবেদন ফরম খুলনার ওয়েবসাইট www.khulnashipyard.com অথবা সরাসরি খুলনা শিপইয়ার্ড লিমিটেড অথবা বাংলাদেশ নেভী মটর ট্রান্সপোর্ট ওয়ার্কশপ, বানোজা ঈশা খান, নিউমুরিং, চট্টগ্রাম হতে সংগ্রহ করা যাবে।

খ। ক্রমিক-১, ২, ১০ ও ১১ পদের ক্ষেত্রে টাকা ২০০/- (দুইশত) “খুলনা শিপইয়ার্ড এমপ্লয়ীজ ওয়েলফেয়ার ফান্ড, খুলনা” এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে অর্ডারসহ আবেদন করতে হবে এবং ক্রমিক ৩ হতে ৯ পর্যন্ত পরীক্ষার ফি বাবদ বর্ণিত পদের জন্য টাকা ৫০/- (পঞ্চাশ) নগদ (বাংলাদেশ নেভী মটর ট্রান্সপোর্ট ওয়ার্কশপ, চট্টগ্রাম অথবা খুলনা শিপইয়ার্ড লিঃ) এ জমা করতঃ ক্যাশ মেমো গ্রহণ সাপেক্ষে আবেদন জমা করতে হবে।

গ। আবেদন পত্রের সহিত সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা/ নাগরিকত্ব সনদপত্র ও অভিজ্ঞতার সনদপত্র (সত্যায়িত ফটো কপি) ও সদ্য তোলা রসিন পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।

ঘ। প্রার্থীর আবেদনপত্র অবশ্যই আগামী ১৫ ডিসেম্বর ২০১৯ তারিখ রোজ শনিবার সকাল ১২:০০ ঘটিকার মধ্যে বিএন মটর ট্রান্সপোর্ট ওয়ার্কশপ, চট্টগ্রাম অথবা খুলনা শিপইয়ার্ড লিমিটেড এ পৌছাতে হবে। উল্লিখিত প্রার্থীদেরকে লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ পরবর্তীতে চিঠি/ মোবাইল ফোনের মাধ্যমে জানানো হবে।

ঙ। প্রার্থীর বয়সসীমা ৩০ নভেম্বর ২০১৯ তারিখে ১৮-৩০ বৎসর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়। তবে অভিজ্ঞ/ মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। বেতন/ মজুরী অত্র প্রতিষ্ঠানের কাঠামো অনুযায়ী (আলোচনা সাপেক্ষে) নির্ধারণ করা হবে।

চ। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না। অসম্পূর্ণ/ ত্রুটিপূর্ণ বা শর্তাবলী অপরূপ থাকলে আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ/ যে কোন আবেদনপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

ছ। খুলনা শিপইয়ার্ড লিঃ হতে চাকুরীচ্যুত প্রার্থীদের আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

ব্যবস্থাপনা পরিচালক